গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী
ফোন নং ঃ ০২৪৭-৮১২৫৩২, মোবাইল নং: ০১৩০৯-১২৭০৪৩
web: www.rmscraj.edu.bd/e-mail:mail.rmsc@gmail.com

তারিখ : ১২/০২/২০২৩ খ্রি.

# শিক্ষার্থীদের শৃঙ্খলা ও ক্লাসে ৭০% উপস্থিতি সম্পর্কিত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে নিম্নবর্ণিত নিয়ম মেনে শিক্ষার্থীদেরকে প্রতিষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো-

০১। সকল শিক্ষার্থীকে পূর্ণ ইউনিফর্ম পরে সকাল ৮.৪০ মিনিটের পূর্বে প্রতিষ্ঠানে প্রবেশ করতে হবে। ক্লাস শুরুর ঘন্টা হওয়ার পরে কোন ছাত্র-ছাত্রী প্রতিষ্ঠানে/ক্লাসে প্রবেশ করতে পারবে না। .(একাদশ শ্রেণির শিক্ষার্থীদেরকে আগামী ২০/০২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে পূর্ণ ইউনিফর্ম সংগ্রহ করতে হবে)

০২। ছাত্রদের আর্মি কাট চুল থাকতে হবে।

০৩। ছাত্রীদের চুল বেঁধে বেনী করে আসতে হবে। চুল রং করা বা কোনো স্টাইল করা যাবে না।

০৪। শিক্ষার্থীরা মটর সাইকেল নিয়ে প্রতিষ্ঠানে প্রবেশ করতে পারবে না। বাইসাইকেল নিয়ে আসলে মূল গেটে নেমে গ্যারেজ পর্যন্ত হেটে আসতে হবে।

০৫। শিক্ষার্থীরা কোন প্রকার অলংকার, স্মার্ট মোবাইল ফোন, কোন প্রকার ইলেকট্রোনিক্স ডিভাইস/যোগাযোগ যন্ত্র ও দেশের প্রচলিত আইনে নিষিদ্ধ কোন বস্তু বা দ্রব্য নিয়ে প্রতিষ্ঠানে প্রবেশ করতে পারবে না।

## ইউনিফর্ম

### ছাত্রঃ

সাদা সার্ট, ডিপ কফি কালার প্যান্ট, ফিতা যুক্ত অক্সফোর্ড কালো জুতা, কালো মোজা, কালো বেল্ট, (টাই, এ্যাপুলেট অফিস হতে সংগ্রহ করতে হবে)। শীতকালে মেরুন রঙের ভি গলা সোয়েটার বা মেরুন রঙের ব্লেজার।

### ছাত্রীঃ

সাদা সার্ট, ডিপ কফি কালার কামিজ, সাদা সালোয়ার, সাদা মোজা, সাদা কেড্স, (টাই, এ্যাপুলেট অফিস হতে সংগ্রহ করতে হবে)। সাদা ওড়না কম পক্ষে ৫ ইঞ্চি চওড়া ভাজ করে বেল্ট দিয়ে পরবে। (বোরখা পরতে চাইলেঃ ডিপ কফি কালার বোরখা এবং সাদা স্কার্ফ পরবে)। শীত কালে মেরুন রঙের ভি গলা সোয়েটার / কার্ডিগান/ ব্লেজার।

**বিঃ দ্রঃ- ক্লাসে ৭০% উপস্থিতি ছাড়া কোন শিক্ষার্থীকে পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

১২/০২/২০২৩

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী।